

া সালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ কিয়াম

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিয়ামের বিবরন

আল্লাহর রসুল ফর্য ও সুন্নত নামায দাঁড়িয়েই পড়তেন। মহান আল্লাহ বলেন,

حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطى وَقُوْمُوا للهِ قَانِتِيْنَ

অর্থাৎ, তোমরা নামাযসমূহের প্রতি এবং বিশেষ করে মধ্যবর্তী (আসরের) নামাযের প্রতি যত্নবান হও। আর আল্লাহর উদ্দেশ্যে বিনীতভাবে দন্ডায়মান হও। (কুরআন মাজীদ ২/২৩৮)

অবশ্য অসুস্থ বা অক্ষম হলে বসে এবং মুসাফির হলে সওয়ারীর উপর বসে নামায পড়েছেন।

ইমরান বিন হুসাইন (রাঃ) বলেন, আমার অর্শ রোগ ছিল। আমি (কিভাবে নামায পড়ব তা) আল্লাহর রসূল (ﷺ) কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, "তুমি দাঁড়িয়ে নামায পড়। না পারলে বসে পড়। তাও না পারলে পার্শ্বদেশে শুয়ে পড়।" (বুখারী, আবৃদাঊদ, সুনান, আহমাদ, মুসনাদ, মিশকাত ১২৪৮ নং)

সুতরাং সক্ষম হলে ফরয নামাযে কিয়াম (দাঁড়িয়ে পড়া) ফরয। (আলমুমতে', শারহে ফিক্হ, ইবনে উষাইমীন ৪/১১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2852

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন